দি মিলেনিয়াম স্টারস স্কুল এন্ড কলেজ

রংপুর ক্যান্টনমেন্ট

শ্রেণি: ষষ্ঠ

**বিষয়: বাংলা প্রথম পত্র**

**(নিচের উদ্দীপকগুলি পড়ে সৃজনশীল প্রশ্নের উত্তর দাও):**

১। অটো রিক্সাচালক সাওন খুব বেশী পড়ালেখা করেনি। একদিন এক শিক্ষার্থী তার স্কুল ব্যাগটি সাওনের অটো রিক্সায় ফেলে যায়। ব্যাগ খুলে সাওন ঠিকানা খুঁজে পায়। সাওন দেরি না করে দ্রুত ব্যাগটি যথাযথ জায়গায় ফিরিয়ে দেয়।

ক) ধবল রোগীকে ফেরেশতা কী দিয়েছিলেন? ১

খ) স্বর্গীয় দূত মানুষের ছদ্মবেশ ধারণ করেছিলেন কেন? ২

গ) সততার দিক দিয়ে সাওন কী অন্ধ ব্যক্তির প্রতিনিধিত্ব করে ? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'প্রেক্ষাপট ভিন্ন হলেও অন্তর্নিহিত তাৎপর্য একই', উদ্দীপক ও গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। অভাব অনটনের সংসারে ভাই বোনদের পড়াশোনার খরচ মেটাতে জাহিদকে বিদেশে পাড়ি দিতে হয়। বিদেশে গিয়ে সে দেশের প্রতি গভীর ভালোবাসা অনুভব করে। তার মনে হয় নিজ জন্মভূমির মতো মায়াময় অপরূপ সৌন্দয এবং ঐশ্বর্যময় দেশ আর কোথাও নেই।

ক) দেশের ছায়ায় এসে কার অঙ্গ জুড়ায়? ১

খ) জন্মভূমি কবিতায় কবির শেষ ইচ্ছা কী ছিল তা ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকের সাথে জন্মভূমি কবিতার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপক ও তোমার পঠিত 'জন্মভূমি' কবিতায় কী একই ভাবের প্রকাশ ঘটেছে? তোমার মতের সপক্ষে যুক্তি দিয়ে বিশ্লেষণ করো । ৪

৩। সুবর্ণখুলি একটি প্রত্যন্ত গ্রাম। সে গ্রামের এক মেয়ে মিরা। সেখানে বিদ্যুৎ পৌছায়নি। ফলে মেয়েটির বৈদ্যুতিক বাতি দেখা হয়নি। একসময় কাজের উদ্দেশ্যে সে শহরে আসে। প্রথম দিন বাড়ির মালিকের স্ত্রী সারা বেগম বাতি বন্ধ করে দেওয়ার জন্য মিরাকে বলে। মিরা বাতির খুব কাছে গিয়ে ফুঁ দিতে থাকে। কিন্তু বাতি কোনোভাবেই বন্ধ হয় না। তখন সারা বেগম বিষয়টি মিরাকে বুঝিয়ে বলেন। তিনি মনে করেন, মূলত আধুনিক পৃথিবী সর্ম্পকে জ্ঞানের অভাবে এ বিভ্রান্তির সৃষ্টি হয়েছে।

ক) চাষি আয়নাটি কোথায় পেয়েছিল? ১

খ) চাষি আয়নায় নিজের চেহারা দেখে অবাক হলো কেন? ২

গ) উদ্দীপকের মিরা চরিত্রের সাথে 'আয়না' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) "আধুনিক পৃথিবী সর্ম্পর্কে জ্ঞানের অভাবে এ বিভ্রান্তির সৃষ্টি"--উদ্দীপক ও 'আয়না' গল্পের আলোকে তোমার মতামত দাও। ৪

৪। জাহিদ সাহেব বিদেশে থাকেন। গ্রামের দরিদ্র রশিদ ও জালালকে দুটি অটো কিনে দিলেন। আবার তিন বছর পর দেশে ফিরে জানতে পারলেন যে, তারা অটোর টাকায় ভালোভাবে সংসার চালাচ্ছে। জাহিদ সাহেবের দেশে ফিরে আসার খবর জানতে পেরে, রশিদ ও জালাল তার কাছে এসে কৃতজ্ঞতা জানান।

ক) স্বর্গীয় দূত এর অর্থ লেখ। ১

খ) 'আল্লাহ তোমার ওপর খুশি হইয়াছেন, আর তাহাদের ওপর বেজার হইয়াছেন'---উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকটি ধবল ও টাকওয়ালা চরিত্রের সম্পূর্ণ বিপরীত। উক্তিটি 'সততার পুরস্কার' গল্পের আলোকে ব্যাখ্যা করো ৩

ঘ) 'সততার পুরস্কার' গল্পের অন্ধ লোকটি যেন রশিদ ও জালালের প্রতিচ্ছবি মাত্র---উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**নৈর্ব্যক্তিক অংশ:**

**নিচের নৈর্ব্যক্তিক প্রশ্নগুলো পড়ে সঠিক উত্তরটি খাতায় নম্বরসহ লেখ। একই প্রশ্নের একাধিক উত্তর দেওয়া নিষেধ। ১×২০=২০**

১। ফেরেস্তা কার হুকুমে সকল কাজ করে থাকেন?

ক) রাজার খ) মন্ত্রীর গ) আল্লাহর ঘ) নবিজির

২। কোন কলেজ থেকে মুহম্মদ শহীদুল্লাহ বিএ (অনার্স) পাশ করেন ?

ক) কলকাতা ইসলামিয়া কলেজ খ) কলকাতা বিদ্যাসাগর কলেজ

গ) কলকাতা এডওয়ার্ড কলেজ ঘ) কলকাতা সিটি কলেজ

৩। তৃতীয় ইহুদি কীভাবে ফেরেস্তাকে তাঁর ইচ্ছেমতো সবকিছু দিতে রাজি হলো ?

ক) নির্দ্বিধায় খ) চিন্তিত মনে গ) ভয়ে ভয়ে ঘ) নির্ভয়ে

**অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য**

৪। কাবুলিওয়ালা কে?

ক) পাঞ্জাবের লোক খ) আয়না বিক্রেতা গ) কাপড় বিক্রেতা ঘ) আফগানিস্তানের লোক

৫। চাষি ক্ষেতে কোন ধান বুনেছে ?

ক) আউশ খ) বোরো গ) উফশী ঘ) সোনাদিঘা

৬। ফেরেস্তা নিচের কোন ব্যক্তির নিকট প্রথম গিয়েছিলেন?

ক) ধবল খ) অন্ধ গ) টাকওয়ালা ঘ) পুলিশ

৭। তৃতীয় ব্যক্তি ফেরেস্তাকে সবকিছু দিতে রাজি হয়েছিল কেন?

ক) তার ছাগল বেশি হয়েছিল খ) সে অকৃপণ ছিল

গ) তার আর ধনসম্পদের দরকার নেই ঘ) আল্লাহর প্রতি কৃতজ্ঞতা থাকায়

৮। দোহাই শব্দের অর্থ কী?

ক) পুঁজি খ) শপথ গ) আলো ঘ) সম্বল

৯। মুহাম্মদ শহীদুল্লাহর জন্ম কত খ্রিষ্টাব্দে?

ক) ১৮৮৫ খ) ১৮৮৬ গ) ১৮৮৭ ঘ) ১৮৮৮

১০। চাষি আয়নাটি কোথায় লুকিয়ে রেখেছিল ?

ক) ধানক্ষেতে খ) পানির কলসিতে গ) ঘরের ভিতর ঘ) জগের ভিতর

১১। সবাই আয়নার ভিতর কাকে দেখতে পেল ?

ক) চাষির বাপজানকে খ) নিজেকে ) সতিনকে ঘ) চাষি বউকে

১২। কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ ?

ক) খাপছাড়া খ) সোনার তরী গ) ডাকঘর ঘ) গোরা

১৩। রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার লাভ করেন কোন কাব্যের জন্য?

ক) সোনার তরী খ) গীতাঞ্জলি গ) ক্ষণিকা ঘ) বলাকা

১৪। শিশুদের জন্য 'ডালিমকুমার' রচনাটি কে লিখেছেন?

ক) কাজী নজরুল ইসলাম খ) সুকুমার রায় গ) হুমায়ুন আহমেদ ঘ) জসীম উদ্দীন

১৫। 'আয়না' গল্পে চাষির বউ হাতে কী নিয়ে রাগে ফুলছিল?

ক) দা খ) ঝাঁটা গ) চাবুক ঘ) ছাতা

১৬। জন্মভূমির কী দেখে প্রথম কবির চোখ জুড়িয়েছে

ক) সবুজ প্রকৃতি খ) সূর্যের আলো গ) চাঁদের আলো ঘ) রূপ-সৌন্দর্য

১৭। টাকওয়ালা লোকটি কী চেয়েছিল?

ক) উট খ) গাভী গ) ছাগল ঘ) গরু

১৮। চাষির বউ আয়না দেখে আগুন হলো কেন?

ক) আয়না ভেঙ্গে গিয়েছিল বলে খ) আয়নায় দাগ পড়েছিল বলে

গ) মেয়ে দেখা যাচ্ছিল বলে ঘ) চাষি বাড়ি ছিল না বলে

১৯। বহুভাষাবিদ ও পণ্ডিত হিসেবে খ্যাত ছিলেন?

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) মুহম্মদ শহীদুল্লাহ গ) জসীমউদ্দীন ঘ) কামিনী রায়

২০। পিতার চেহারা অনেকটা যার মতো দেখতে----

i. পুত্র

ii. কন্যা

iii. নাতি

নিচের কোনটি সঠিক?

ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii